

## ট্রাভেল পারমিট সম্পর্কিত তথ্যাদি

জরুরী ভিত্তিতে বাংলাদেশে যাওয়ার প্রয়োজন কিন্তু

১. পাসপোর্ট হারিয়ে গেছে অথবা
২. বর্তমান পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে

—এমন ক্ষেত্রে সিঙ্গাপুরে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের দেশে যাওয়ার জন্য ট্রাভেল পারমিট ইস্যু করা হয়ে থাকে।

নির্ধারিত ফরম পূরণপূর্বক নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র এবং ফি প্রদান করে ট্রাভেল পারমিটের জন্য (হাইকমিশনের চতুর্থ তলায় পাসপোর্ট ও ভিসা উইং-এ) আবেদন জমা দিতে হয়। জরুরী ক্ষেত্রে ১ থেকে ৩ কার্যদিবসের মধ্যে এবং সাধারণ ক্ষেত্রে ৪ থেকে ৫ কার্যদিবসের মধ্যে ট্রাভেল পারমিট ইস্যু করা হয়ে থাকে।

### ট্রাভেল পারমিটের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

১. কোম্পানীর অধীনে ওয়ার্ক পারমিটধারীর ক্ষেত্রে কোম্পানী কর্তৃক ইস্যুকৃত পত্র;
২. স্পেশাল পাসধারীর ক্ষেত্রে MOM কর্তৃক ইস্যুকৃত পত্র;
৩. হারিয়ে যাওয়া পাসপোর্টের ক্ষেত্রে পুলিশ রিপোর্ট;
৪. মেয়াদ উত্তীর্ণ/হারানো/পূর্ববর্তী পাসপোর্টের ২ ও ৩ নং পৃষ্ঠার ফটোকপি;
৫. পাসপোর্টের কপি না থাকলে আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্ম নিবন্ধন সনদের কপি;
৬. দুই কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি (৪৫x৩৫মি.মি.);
৭. পূরণকৃত আবেদন ফর্ম (হাইকমিশনের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে অথবা অফিস থেকে নেওয়া যাবে);
৮. নির্ধারিত ফি জমা প্রদান : জরুরী ফি ৪০ সি.ড - প্রসেসিং সময়কাল ১-৩ কার্যদিবস; সাধারণ ফি ২০ সি.ড - প্রসেসিং সময়কাল ৪-৫ কার্যদিবস (ফি প্রদান NETS-এর মাধ্যমে অফিস কাউন্টারে আবেদন জমা দেওয়ার সময়)।

### Information regarding Travel Permit (TP)

In case of going to Bangladesh urgently but

1. Passport has been lost or
2. The existing passport has been expired

---In these situations for going back to the country, Travel Permit (TP) is issued for the Bangladeshis staying in Singapore.

After filling-up the Form and with necessary documents and Fee, the Travel Permit Application has to be submitted at the High Commission (Level-4, Passport & Visa Wing). In urgent case, TP is issued within 1 to 3 working days and in normal case TP is issued within 4 to 5 working days.

### Necessary Documents for Travel Permit Application

1. Letter from the Company if the person is on Work Permit;
2. Letter from the Ministry of Manpower (MOM) if the person is under Special Pass;
3. Police Report in case of Lost Passport;
4. Photocopy of Expired/Lost/Previous Passport (page 2 & 3);
5. National ID (NID) Card or Birth Registration Certificate of the applicant if there is no passport copy;
6. Two copies of recent passport size photos (45mmx35mm);
7. Filled-in Application Form (Form can be downloaded from the High Commission website or can be collected from the office);
8. Fees for Travel Permit : Urgent fee S\$40 (processing time 1-3 working day/s); Regular fee S\$20 (processing time 4-5 working days) to be paid at the office counter during submission of application (*through NETS only*).